রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ৬, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৯ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ / ২ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০২.২৬.৬৯—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'জাতীয় পরিসংখ্যান উপদেষ্টা পরিষদ'** (National Advisory Council on Statistics-NACS) নিম্নরূপে গঠন করেছে :

১.১। **পরিষদের গঠন** :

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় | : | সভাপতি |
| (২) | প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় | : | সদস্য |
| (৩) | গভর্নর, বাংলাদেশ ব্যাংক | : | সদস্য |
| (৪) | সচিব, অর্থ বিভাগ | : | সদস্য |
| (৫) | চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড | : | সদস্য |
| (৬) | সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | : | সদস্য |
| (৭) | সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন | : | সদস্য |
| (৮) | সচিব, স্থানীয় সরকার বিভাগ | : | সদস্য |
| (৯) | মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | : | সদস্য |



**মূল্য ঃ** টাকা ৪.০০

| | | | |
|---|---|---|---|
| (১০) | মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কৃষি মন্ত্রণালয় | : | সদস্য |
| (১১) | মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট) | : | সদস্য |
| (১২) | মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) | : | সদস্য |
| (১৩) | মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) | : | সদস্য |
| (১৪) | চেয়ারম্যান, পরিসংখ্যান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | : | সদস্য |
| (১৫) | চেয়ারম্যান, অর্থনীতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | : | সদস্য |
| (১৬) | ডাইরেক্টর, ইনস্টিটিউট অফ স্ট্যাটিস্টিক্যাল রিসার্চ অ্যান্ড ট্রেনিং (আইএসআরটি), ঢাকা বিশ্ববিদ্যালয় | : | সদস্য |
| (১৭) | সভাপতি, বাংলাদেশ শিল্প ও বণিক সমিতি (এফবিসিসিআই) | : | সদস্য |
| (১৮) | অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | : | সদস্য-সচিব। |

এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

১.২। **পরিষদের কার্যপরিধি :**

(১) বাংলাদেশের জাতীয় পরিসংখ্যান ব্যবস্থাকে বিশ্বমানে উন্নীত করা এবং জাতীয় প্রয়োজনে আরো সুনির্দিষ্টভাবে ব্যবহার উপযোগী তথ্য সংগ্রহ করার লক্ষ্যে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;

(২) পরিবর্তিত প্রেক্ষাপট ও প্রয়োজনীয়তা বিবেচনাপূর্বক শুমারি/ জরিপ বা অন্যান্য পরিসংখ্যান বিষয়ক কার্যক্রমের ক্ষেত্রে অগ্রাধিকার নির্ধারণে পরামর্শ প্রদান;

(৩) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-এর আওতায় পরিচালিত বিভিন্ন শুমারির বাজেট, কর্মপরিকল্পনা বাস্তবায়ন, সময়সূচি, পদ্ধতি (Methodology) ইত্যাদি ক্ষেত্রে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;

(৪) পরিসংখ্যান সংশ্লিষ্ট আইন ও বিধিমালার আলোকে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বিভিন্ন প্রয়োজন ও চাহিদার পরিপ্রেক্ষিতে পরামর্শ প্রদান; এবং

(৫) প্রয়োজনে পরিসংখ্যান ও প্রাসঙ্গিক অন্যান্য বিষয়ে পরামর্শ প্রদান করা।

১.৩। পরিষদ প্রয়োজনে পরিসংখ্যানের সাথে সম্পৃক্ত যে কোনো ব্যক্তি/ প্রতিষ্ঠান-প্রধানকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

১.৪। পরিষদের সভা বছরে কমপক্ষে দুইবার অনুষ্ঠিত হবে।

১.৫। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এ পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

১.৬। এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৮ ডিসেম্বর ২০২৪ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০৬.০০৪.২৪.২০৯ স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ হুমায়ুন কবির)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ০২-২২৬৬৪১০০১
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd